# কীভাবে স্বাস্থ্য বীমা (RAMQ) কার্ড পাবেন
# নেওয়া 17 বছর বা কম বয়সী শিশুর জন্য স্বাস্থ্য বীমা (RAMQ) কার্ড কীভাবে পাবেন

**গুরুত্বপূর্ণ: যদি আপনার সন্তান ইতোমধ্যে Interim Federal Health Program (IFHP)- এর আওতাভুক্ত থাকে, তাহলে তাকে Régie de l'assurance maladie du Québec (RAMQ)-এ নিবন্ধন করা উচিত নয়।**

## ধাপ 1
### নিবন্ধনের জন্য প্রয়োজনীয় নথিপত্র সংগ্রহ করুন।

আপনাকে দুই ধরনের প্রমাণপত্রের প্রয়োজন হবে: উভয়ই PDF বা JPG ফরম্যাটে হতে হবে। সেগুলো অবশ্যই ফরাসি বা ইংরেজিতে হতে হবে।

- আপনার সন্তানের পরিচয়ের প্রমাণপত্র (জন্ম সনদ বা পাসপোর্ট)
- আপনি কুইবেক-এ 6 মাসের বেশি সময় থাকতে চান, সেই প্রমাণ:
  - 6 মাসের বেশি সময়ের জন্য প্রবেশের অনুমোদন (পারমিট, শরণার্থী সুরক্ষা পরিচয়পত্র (RPID) ইত্যাদি)।
  - আপনি RAMQ-কে 1-800-561-9749 নম্বরে কল করে জানতে পারেন যে আর কী কী নথি গ্রহণযোগ্য (যেমন, 6 মাসের বেশি সময়ের স্কুলের উপস্থিতির প্রমাণ)।

যদি আপনার কাছে দুই ধরনের প্রমাণ না থাকে:

1. সম্পন্ন করা ফর্ম 4489 – শপথবাক্য: কুইবেক-এ উপস্থিতি এবং শিশুর সনাক্তকরণ।
   শুধুমাত্র একজন শপথ কমিশনারের উপস্থিতিতেই ফর্ম 4489-এ স্বাক্ষর করুন।
2. ফর্মে স্বাক্ষর করার জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট করুন। শপথগ্রহণ কমিশনার খুঁজে পেতে, এখানে ক্লিক করুন।

## ধাপ 2
### স্বাস্থ্য বীমা নিবন্ধন ফর্ম পূরণ করুন।

অনলাইন স্বাস্থ্য বীমা নিবন্ধন ফর্মপূরণ করুন।

- আপনাকে এই ফর্মটি একবারে পূরণ করতে হবে, কারণ এটি সেভ করে পরে সম্পূর্ণ করা যাবে না। যদি আপনি ফর্মটি অনলাইনে পূরণ করতে না পারেন, তাহলে অনুগ্রহ করে RAMQ-এ কল করুন।

## ধাপ 3
### 1 থেকে 2 মাসের পর, আপনি Régie de l'assurance maladie (RAMQ) থেকে একটি চিঠি পাবেন যা আপনাকে তাদের সিদ্ধান্ত সম্পর্কে অবহিত করবে।

**যদি RAMQ আপনার আবেদন অনুমোদন করে:**

1. আপনি পরে আপনার সন্তানের স্বাস্থ্য বীমার কার্ড পাবেন।
2. অর্থ ফেরত পাওয়ার জন্য সিদ্ধান্ত-সংক্রান্ত চিঠিটি (যোগ্যতা বিষয়ক চিঠি) নিরাপদ স্থানে রাখুন।

যদি RAMQ **আপনার আবেদন প্রত্যাখ্যান করে:**

1. আপনাকে আপনার সন্তানের স্বাস্থ্য পরিচর্যার খরচ বহন করতে হবে।
2. আবেদন কেন প্রত্যাখ্যাত হয়েছে জানতে RAMQ-কে নিম্নলিখিত নম্বরে কল করুন: 1-800-561-9749.

## যদি আপনার সন্তানের স্বাস্থ্য পরিচর্যা প্রয়োজন হয়।

**811 নম্বরে কল করুন এবং আপনার সন্তানের জন্য সঠিক স্বাস্থ্যসেবা খুঁজে পেতে 3 নম্বর অপশনটি নির্বাচন করুন।**

- সুপারিশকৃত টিকাগুলো আপনার সন্তানের জন্য বিনামূল্যে, তা সে শিশুটির স্বাস্থ্য বীমা কার্ড থাকুক বা না থাকুক।

---

**আপনার সন্তানের চিকিৎসা পরিচর্যা বিনামূল্যে হবে যদি আপনি তাদের স্বাস্থ্য বীমার যোগ্যতার পত্র বা বৈধ স্বাস্থ্য বীমা কার্ড উপস্থাপন করেন।**

- মেয়াদ শেষ হওয়ার তারিখের আগেই RAMQ-তে কল করে কার্ডটি রিনিউ করুন।
- ওষুধ সংগ্রহের সময় ফার্মেসিতে আপনার সন্তানের স্বাস্থ্য বীমা কার্ড দেখান।

---

**আপনার সন্তানের স্বাস্থ্য পরিচর্যার জন্য বিল করা হতে পারে যদি:**

- আপনি এখনও আপনার সন্তানের RAMQ যোগ্যতা পত্র না পেয়ে থাকেন।
- আপনি আপনার সন্তানের RAMQ কার্ড পাননি, অথবা তার RAMQ কার্ডের মেয়াদ শেষ হয়ে গেছে।
- আপনার সন্তানের স্বাস্থ্য বীমার জন্য আপনার আবেদন প্রত্যাখ্যাত হয়েছে।

**যদি আপনাকে স্বাস্থ্যসেবার জন্য অর্থ প্রদান করতে হয়:**

- আপনার সন্তানের ফাইলের বর্তমান অবস্থা জানতে এবং নিবন্ধনের প্রমাণপত্র পেতে আপনি 1-800-561-9749 নম্বরে RAMQ-কে কল করতে পারেন।
- সমস্ত চালান ও রসিদ রাখুন। নগদে পেমেন্ট করলেও অবশ্যই রসিদ চাইতে ভুলবেন না।
- আপনি হাসপাতালের হিসাব বিভাগের সাথে অর্থ পরিশোধের বিষয়ে কোনো ব্যবস্থা করতে পারেন।

## আপনি আপনার পরিশোধ করা চিকিৎসা ব্যয়ের অর্থ ফেরত পাওয়ার জন্য অনুরোধ করতে চান।

আপনার কাছে অবশ্যই আপনার সন্তানের RAMQ কভারেজের শুরুর তারিখ সহ যোগ্যতা পত্র এবং সমস্ত চালান ও রসিদ থাকতে হবে।

- **চিকিৎসকদের প্রদত্ত ফি**:
  আপনার সন্তানের স্বাস্থ্য বীমা কভারেজের শুরু তারিখ থেকে প্রাপ্ত চিকিৎসা পরিষেবার জন্য ফেরত পাওয়ার অনুরোধ করতে এই ফর্মটি ব্যবহার করুন।

- **ক্লিনিক বা হাসপাতালে পরিশোধিত ফি**: আপনার সন্তানের স্বাস্থ্য বীমার যোগ্যতা পত্র নিয়ে ক্লিনিক বা হাসপাতালে কল করুন অথবা হিসাব বিভাগে যান।
- **ওষুধের খরচ**: ফেরত পাওয়ার জন্য ফার্মেসিতে যান।

## সহায়তা পেতে।

- কোনো কমিউনিটি সংগঠন বা CLSC-এর কাছে সাহায্যের জন্য অনুরোধ করুন, অথবা 211-এ কল করুন।
- হাসপাতালে কল করুন এবং ব্যবহারকারী কমিটির সাথে কথা বলার অনুরোধ করুন (যেমন, যদি আপনার সন্তানের পরিচর্যা অস্বীকার করা হয়)। এটি আপনার অভিবাসন আবেদনের ওপর কোনো প্রভাব ফেলবে না। এগুলি গোপনীয় সেবা।
- আপনাকে সহায়তা প্রদানকারী পেশাদার ব্যক্তিটি নিচের পৃষ্ঠায় আরও তথ্য পেতে পারেন: Équipe de proximité Périnatalité, enfance, familles et communautés | Direction régionale de santé publique de Montréal

এই টুলটি কয়েকটি ভাষায় অনূদিত হয়েছে।

Québec

Direction régionale de santé publique de Montréal দ্বারা, RAMQ, PRAIDA এবং CoSaMi উদ্যোগসহ বিভিন্ন অংশীদারের সহযোগিতায় উৎপাদিত। মে 2026